গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উখিয়া, কক্সবাজার।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর-০৫.২০.২২৯৪.০০০.০১৯.০২৩.২০২২- ১৪৫ তারিখ- ০২/০২/২০২২খ্রি.

# ১৪২৯ বাংলা সনের উখিয়া উপজেলাধীন হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রি. তারিখের পত্র নং-৪৬.০৪৬.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি এবং তা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার প্রেক্ষিতে উখিয়া উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৯ বাংলা সন (০১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ০১ (এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে টোল আদায়ের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথকভাবে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা হচ্ছে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার, উপজেলা ভূমি অফিস, উখিয়া, সোনালী ব্যাংক লিমিটেড, উখিয়া শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র সিডিউলসহ অন্যান্য কাগজপত্র ক্রয় করা যাবে। দরপত্র সমূহ জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উখিয়া, কক্সবাজারে রক্ষিত দরপত্র বাক্সে ধার্য তারিখ বেলা ১২.০০টা পর্যন্ত গ্রহণ করা হবে। ধার্য তারিখ দুপুর ১.০০টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। হাট-বাজার ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। কোন দফায় যে কোন হাট-বাজারের দাখিলকৃত দরপত্র গৃহিত হলে পরবর্তী দফায় ঐ হাট-বাজার এর দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। সরকারি হাট-বাজার ইজারা এবং ইজারা পরবর্তী সকল কার্যক্রম সরকারি হাট-বাজারসমূহের ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা অনুসারে পরিচালিত হবে। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

## হাট-বাজারের তফসীল

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ০১ | পালংখালী | পালংখালী বাজার | ১৮,৫১,৪৬৭/- | ৪,৪০০/- |
| ০২ | | বালুখালী বাজার | ১,৩৯,২৩,১০০/- | ২৮,৬০০/- |
| ০৩ | রাজাপালং | কুতুপালং বাজার | ৯১,০৯,৪৯৯/- | ১৯,০০০/- |
| ০৪ | | দারোগা বাজার | ৯৫,১৯,৮৬০/- | ১৯,৮০০/- |
| ০৫ | রত্নাপালং | কোটবাজার | ৭২,২৯,৫৫৩/- | ১৫,২০০/- |
| ০৬ | | ভালুকিয়া বাজার | ৩৬,৯২৬/- | ৫০০/- |
| ০৭ | জালিয়াপালং | সোনারপাড়া বাজার | ৮২,৭৪,১৭৪/- | ১৭,২০০/- |
| ০৮ | হলদিয়াপালং | মরিচ্যা বাজার | ১,০৬,৩৫,৮৮১/- | ২২,০০০/- |
| ০৯ | | পাতাবাড়ী বাজার | ১০,৪২,৩৩৩/- | ২,৮০০/- |
| ১০ | | রুমখাঁ বাজার | ১৬,৩২,৪৩৫/- | ৩,১০০/- |

## দরপত্র দাখিলের তারিখ ও সময়সূচি ঃ

| ক্রঃ নং | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | ১ম বার | ২৩.০২.২০২২, বিকাল ৫.০০ টা | ২৪.০২.২০২২, দুপুর ১২.০০ টা | ২৪.০২.২০২২, দুপুর ০১.০০ টা |
| ০২ | ২য় বার | ০৭.০৩.২০২২, বিকাল ৫.০০ টা | ০৮.০৩.২০২২, দুপুর ১২.০০ টা | ০৮.০৩.২০২২, দুপুর ০১.০০ টা |
| ০৩ | ৩য় বার | ১০.০৩.২০২২, বিকাল ৫.০০ টা | ১৩.০৩.২০২২, দুপুর ১২.০০ টা | ১৩.০৩.২০২২, দুপুর ০১.০০ টা |
| ০৪ | ৪র্থ বার | ১৫.০৩.২০২২, বিকাল ৫.০০ টা | ১৬.০৩.২০২২, দুপুর ১২.০০ টা | ১৬.০৩.২০২২, দুপুর ০১.০০ টা |

## ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ

০১। ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হইতে ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (ত্রিশ শতাংশ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে **উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার** এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫%(পাঁচ শতাংশ) অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫%(পাঁচ শতাংশ) আয়কর এবং ১৫%(পনের শতাংশ) ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পূণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্র সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পূণরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না ।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন ।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

চলমান পাতা- ২

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্ব্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন ।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন ।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার বকেয়া টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

02.02.2022

নিজাম উদ্দিন আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
উখিয়া, কক্সবাজার।
মুঠোফোনঃ ০১৭৩৩-৩৭৩২০৫

স্মারক নম্বর-০৫.২০.২২৯৪.০০০.০০১.০১৮.২০২২- ১৪০

তারিখ- ০২/০২/২০২২খ্রি.

**অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
২. জেলা প্রশাসক, কক্সবাজার।
৩. পুলিশ সুপার, কক্সবাজার।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ..........................................................................।
৭. সহকারী কমিশনার (ভূমি) ও সদস্য-সচিব, উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটি, উখিয়া, কক্সবাজার। তাঁকে দরপত্র দাখিল ও খোলার সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি, উখিয়া, কক্সবাজার। তাঁকে দরপত্র দাখিল ও খোলার সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
৯. উপজেলা প্রকৌশলী ও সদস্য-সচিব, দরপত্র মূল্যায়ন কমিটি, উখিয়া, কক্সবাজার। তাঁকে দরপত্র দাখিল ও খোলার সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সদস্য, দরপত্র মূল্যায়ন কমিটি, উখিয়া, কক্সবাজার। তাঁকে দরপত্র দাখিল ও খোলার সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।
১১. সাব-রেজিস্ট্রার, উখিয়া, কক্সবাজার।
১২. অফিসার ইনচার্জ, উখিয়া থানা-তাঁকে দরপত্র দাখিল ও খোলার সময় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগ করার জন্য অনুরোধ করা হল।
১৩. সহকারি প্রোগ্রামার, উখিয়া, কক্সবাজার (তাঁকে পিপিআর-২০০৮ সিপিটিইউ'র ওয়েব সাইটে প্রদান করার জন্য অনুরোধ করা হল)।
১৪. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, উখিয়া শাখা, কক্সবাজার।
১৫. চেয়ারম্যান(সকল),......................................ইউনিয়ন পরিষদ, উখিয়া (তাঁকে দরপত্র দাখিল ও খোলার সময় উপস্থিত এবং স্থানীয় বাজারে বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হল।
১৬. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, উখিয়া সদর/পালংখালী/ সোনারপাড়া ইউনিয়ন ভূমি অফিস, উখিয়া (তাঁকে স্থানীয় বাজারে বিজ্ঞপ্তিটি মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হল।
১৭. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ......................................................................................................। (তাঁকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী /০২/২০২২খ্রিঃ তারিখের পূর্বে অফিস কর্মদিবসে যে কোন একটি সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ জানানো হল। "১০ ফন্টের অতিরিক্ত হলেও ১০ ফন্ট" হিসেবে বিল প্রদান করা হবে। বিজ্ঞপ্তি প্রচারের জন্য ধর্তব্য মূল্য হবে সরকারী মূল্য। উল্লেখ্য যে, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ০৪ (চার) কপি সংবাদ পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
১৮. নোটিশ বোর্ড।
১৯. অফিস কপি/ মাস্টার ফাইল

02-02-2022

উপজেলা নির্বাহী অফিসার
উখিয়া, কক্সবাজার।